

১০২
 জনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
 স্থানীয় সরকার বিভাগ
 (জেলা পরিষদ শাখা)

জনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
 স্থানীয় সরকার বিভাগ
 (জেলা পরিষদ শাখা)

| | |
|-----------------------|---------------|
| সং: প্রকৌঃ | সচিব |
| উঃ সহঃ (সাঃ) | উপ সহঃ প্রকৌঃ |
| উঃ সহঃ (কাঃ) | হিসাব রক্ষক |
| সহঃ (বাণিজ্যিক ইচ্ছা) | সার্ভেয়ার |

স্মারক নং : স্থাসবি/জোশা/বিবি-২/২০০৭/২৬৯৭

তারিখ: ০৬-১১-২০০৭খ্রিষ্টাব্দ

পরিশ্রুত

১৩
 সচিব
 স্থানীয় সরকার বিভাগ


বিষয়: জেলা পরিষদের ব্যবহারের অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) অকেজো/পরিত্যক্ত ঘোষণার জন্য কনডেমনেশন কমিটি।

জেলা পরিষদের মালিকানাধীন ব্যবহারের অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) অকেজো/পরিত্যক্ত (Condemned) ঘোষণার জন্য নিম্নরূপ কনডেমনেশন কমিটি গঠন করা হলো:

| | | |
|---|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------|
| ১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ২ | প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব সংশ্লিষ্ট জেলা পরিষদ | সদস্য |
| ৩ | মেয়র/চেয়ারম্যান এর প্রতিনিধি, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা (অকেজো ঘোষণার জন্য প্রস্তাবিত স্থাপনা/মালামাল সিটি কর্পোরেশন/পৌর এলাকার মধ্যে হলে) | সদস্য |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ | সদস্য |
| ৬ | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৭ | সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা পরিষদ | সদস্য সচিব |

২। সংশ্লিষ্ট জেলা পরিষদ ব্যবহারের অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) কনডেমড ঘোষণা/নীলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাকলন প্রস্তুত করবে। প্রস্তুতকৃত প্রাকলন জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুমোদনের পর উপরে বর্ণিত কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করবে। কনডেমনেশন কমিটি প্রাকলনটি পরীক্ষা নিরীক্ষা এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শনপূর্বক জেলা পরিষদের প্রস্তাব যথাযথ বিবেচিত হলে কনডেমড ঘোষণা করবে। জেলা পরিষদ কনডেমড ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


 (মাহমুদ হাভুদ)
 সিনিয়র সহকারী সচিব
 ফোনঃ ৭১৬৯২৭৪

বিতরণ:

- ০১। বিভাগীয় কমিশনার,-----বিভাগ (সকল)।
- ০২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অফিসপ্রর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন।
- ০৫। জেলা প্রশাসক,-----জেলা (সকল)।
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ----- (সকল)।
- ০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল সিটি কর্পোরেশন।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার----- (সকল)।
- ০৯। চেয়ারম্যান-----পৌরসভা (সকল)
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ এলজিইডি----- (সকল)।